দর্শনা কেরুজ চিনিকলের শ্রমিক ও কর্মচারী নিবার্চনকে ঘিরে পৃথক ভাবে কর্মী সমাবেশ

দর্শনা কেরুজ চিনিকলের শ্রমিক ও কর্মচারী নিবার্চনকে ঘিরে পৃথকভাবে নিবার্চনী হাওয়া বইতে শুরু করেছে। চলছে দল বদলের পালা।

আজ মঙ্গলবার সন্ধায় কেরুজ শ্রমিক ও কর্মচারী নিবার্চনে সভাপতি পদপ্রাথী বর্তমান সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ ও তৈয়ব আলী সংগঠনের পৃথক দুইটি শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আগামী ফেব্রয়ারী মাসে নিবার্চনকে সামনে রেখে এ শ্রমিক সমাবেশ। সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে বর্তমান সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ বলেন সবুজ সংগঠনকে হুমকি-ধামকি দিয়ে বিজয় ঠেকাতে পারবে না কেউ।

এছাড়া শ্রমিকদের মধ্যে আরো বক্তব্য শ্রমিক ইউনিয়নের সহ-সভাপতি মফিজুল ইসলাম ও রেজাউল করিম, সহ-সাধারণ সম্পাদক হাফিজুল ইসলাম, কোষাধ্যক্ষ আবু সাঈদ, আব্দুর রাজ্জাক, মিরাজুল ইসলাম, ইউনিয়নের সদস্য কামরুল হাসান। এছাড়া লোমান, মানিক হোসেন।

কর্মী সমাবেশে কোরান তেলোয়াত ও দোয়া পাঠ করেন কেরুজ জামে মসজিদের মুয়াজ্জিম নেছার উদ্দিন। সমাবেশ পরিচালনায় ছিলেন হারিজুল ইসলাম ও সার্বিক তত্তাবধায়নে ছিলেন, রাসেল উদ্দিন টগর।

এদিকে তৈয়ব সংগঠনের তৈয়ব আলী সমাবেশে বক্তব্য রাখেতে গিয়ে শ্রমিকদের উদ্যোশে বলেন, এখানে যারা উপস্থিত আছেন আজ থেকে আমরা এক একজন তৈয়ব আলী হয়ে শ্রমিকদের মন জয় করে কেরুজ শ্রমিক ইউনিয়নে তৈয়ব আলীর বিজয় পতাকা উড়াতে হবে। আমারা আমাদের কাজ ও ভালবাসা দিয়ে শ্রমিকদের কাছে নেবো এবং সংগঠন শক্তিশালী করবো এ শপত নিয়ে সামনে বিজয় ছিনিয়ে আনতে কাজ করে যাবো। এসময় আরো উপস্থিত থেকে বক্তব্য রাখেন, সাবেক সভাপতি হাফিজুল ইসলাম, আব্বাছ আলী, জাহিদুল ইসলাম,ওমর ফারুক প্রমুখ। সমাবেশ পরিচালনা করেন, মনিরুল ইসলাম।